

SSMC—AAA

# Reunion 2017

## SIR SALIMULLAH MEDICAL COLLEGE ALUMNI

Orlando, Florida



# Blue Ocean
## Wealth Solutions





**Mizan Rahman, MBA, MS**
Financial Advisor, Financial Planner
Registered Representative
Financial Services Executive
Investment Advisor Representative
CA Insurance Lic # 0D19200

Blue Chip Conference - 1 Time
Platinum Conference - 11 Times
Leaders Conference - 10 Times
Qualifying & Life Member Million Dollar Round Table (MDRT) - 19 Years
National Association of Insurance and Financial Advisors (NAIFA)
National Quality Award for Excellent Client Service, NAIFA, Since 1997

You've built your practice by providing the best in care and service to your patients.

**Does your advisor treat your financial health with the same level of dedication?**

**Phone: 516-326-7035**
**Mobile: 917-796-2979**
**Fax: 516-326-7055**
**MizanurRahman@financialguide.com**
**MizanurRahman@blueocean.us.com**
**www.MizanRahman.com**

**Blue Ocean Wealth Solutions**
A Member of the MassMutual Financial Group
**2200 Northern Blvd. Suite 200**
**East Hills, NY 11548**

MassMutual Financial Group is a marketing name for Massachusetts Mutual Life Insurance Company (MassMutual) and its affiliated companies and sales representatives. Mizanur Rahman is a registered representative of and offers securities, investment advisory and financial planning services through MML Investors Services, LLC. Member SIPC. Some health insurance products offered by unaffiliated insurers. L0217490920[exp1217]
[AL,AZ,CA,CT,DE,FL,GA,IA,IN,KS,KY,LA,MA,MD,MI,MS,NC,NE,NJ,NM,NV,NY,OH,OK,OR,PA,TN,TX,UT,VA,WI,WV]

# EXECUTIVE COMMITTEE 2015-2017

**President**
Ahamed Karim (4th Batch)

**Immediate Past President**
Faruque Ahmed (6th Batch)

**Vice President**
Mohammed M. Rahman (13th Batch)

**General Secretary**
Anayet Thakur (12th Batch)

**Treasurer**
Tasbirul Alam (12th Batch)

**Cultural Secretary**
Barnali Hasan (14th Batch)

**Assistant Cultural Secretary**
Kazi Asif Hilmi (34th Batch)

**Members at Large**
Mohammed Jahangir Alam (9th Batch)
Ashraf Malek (16th Batch)
Pratap Das (19th Batch)
Hrede Afsana (33rd Batch)
Fund Chair
Syed Jalal (6th Batch)
Barnali Hasan (14th Batch)
Expert Forum Chair
Habibur Rahman (5th Batch)

## Advisory Committee 2015-2017

Mohammad Nasiri (4th Batch)
Habibur Rahman (5th Batch)
Esha Khoshnu (6th Batch)
Parvez Alam (8th Batch)
Obayedur Khan (11th Batch)



**6th SSMC Alumni Association Abroad Reunion 2017**

**The Florida Hotel and Conference Center, Orlando, 1500 Sand Lake Rd, Orlando, FL 32809**

**Saturday, November 25, 2017**

# Final Program/Agenda

| | | |
|---|---|---|
| 10:00 AM | Registration Opens | Legacy South 2/Lobby |
| 12:00 N – 12:45 PM | Lunch Break | |
| 12:45 PM - 1:30 PM | Weight Loss DYI | Legacy South 2 |

*All Family Members are Invited to attend this informational talk by Dr. Mahtab Ahmed from 6th batch on calorie burning and how to lose weight. You will learn the basics of food value, calorie measurement and Obesity.*

| | | |
|---|---|---|
| 1:30 PM - 3:30 PM | Business Meeting | Legacy South 2 |

*Agenda:*
- *Treasurer's Report*
- *Secretary's Report*
- *Selection of Next Reunion Venue and Date*
- *Election of New Officers*

| | |
|---|---|
| 3:30 PM- 4:00 PM | "মিটফোর্ডের সেই দিনগুলো" স্মৃতিচারণ |
| 4:00 PM- 5:30 PM | Break |







## 6th SSMC Alumni Association Abroad Reunion 2017

**The Florida Hotel and Conference Center, Orlando, 1500 Sand Lake Rd, Orlando, FL 32809**

**Saturday, November 25, 2017**

# Final Program/Agenda

***Evening Program***

| | | |
|---|---|---|
| 5:30 PM- 6:30 PM | Hors d'oeuvre | Legacy North Ballroom |
| 6:30 PM- 7:30 PM | National Anthem | |
| | Installation of New Officers | Legacy North Ballroom |
| | Speech by Special and Chief Guest | |
| 7:00 PM- 8:00 PM | Dinner (Courtesy Dr. Khaja and Dr. Nasir) | Legacy North Ballroom |
| 8:00 PM- 9:00 PM | Cultural Program Presented by Alumni and Family Members | |
| 9:00 PM | Performance by Guest Artist- **S.I. Tutul** | |
| 11:55 PM | Final note from President, Program Ends | |

| | | | |
|---|---|---|---|
| ***Exhibits/Booths*** | 10:00 AM- 10:00 PM | Indian Fashion | Legacy West |
| ***Prayer Room*** | 5:30 Pm-8:00 PM | Forum East 2 | |

***Sunday November 26, 2017***

12:00 Noon — Lunch at Dr. Sherin (Batch 20) and Dr. Saleh Parvez's Residence.
13605 Lake Cawood Drive, Windermere, FL 34786
Phone Number (407) 748-0674







# সম্পাদকীয়

আমাদের এই কচি সংগঠন সবে সাত বছরে পা রেখেছে। এর সাথে সাথে আমরাও বুড়িয়ে গেছি আরও সাতটা বছর। সবই ঐ মিটফোর্ডের বুড়িগঙ্গার কৃপায়। বিদেশে কঠিন জীবনযাত্রার প্যাঁচে পড়ে আমরা যেন অনেকটা নিরস হয়ে গেছি শুকনো বড়ই এর মত। কিন্তু আমার ভাবতে ইচ্ছে হয়, হয়তো শুকনো নারকেলের মত। বাইরে তার চরম শুষ্কতা আর কাঠিন্য, অথচ ভেতরটা মধু-মিষ্ট পানি আর সুস্বাদু শাঁসে ভরাট। অনেক চেষ্টা করে দেখেছি নারকেলগুলোকে কিভাবে ভাঙ্গা যায়। কিভাবে তার অন্তরে পৌঁছানো যায়। এখন পর্যন্ত সক্ষম হইনি আমরা। পারিনি এই সংগঠনের সদস্য সংখ্যা বাড়াতে সন্তুষ্টিমূলক ভাবে। এক এক এ্যালুমনাই যেন অন্যজনের চেয়েও শক্ত। কেউ কেউ আবার কালের চক্রে ফসিলাইজড পাথরে পরিনত হয়েছে।

এরই মধ্যে এই বিদেশ-বিভূইয়ে এক কৃষ্ণাঙ্গের পর আমাদের দেশের কর্ণধার হয়ে বসেছে এক সত্তর বছরের শ্বেতাঙ্গ টিনএজার। এ যেন মড়ার উপর খড়ার ঘা! বাছা টুইট করেই চলেছে অবিরাম। দেশ চালাবার কি অভিনব অদ্ভুত পদ্ধতি! দেশের অবস্থা একেবারে লেজে গোবরে। ডেমোক্র্যাসি ও ব্যক্তিস্বাধীনতা তুঙ্গে উঠেছে। ওখান থেকে তাদের আর নামানো যাচ্ছে না। স্বপ্নপুরীর এই দেশটাতে হচ্ছে কি? বাস্তব তার কঠিন রূপ নিয়ে দাঁড়িয়েছে সভ্যতার মুখোমুখি। প্রশ্ন করছে, মানবকুলের এ সংকট হলো কিভাবে? জবাব দেবার কেউ নেই।

যাই হোক এবার ফিরে আসা যাক আমাদের এ্যালুমনাই রাজ্যে। আমাদের তলিয়ে দেখতে হবে, কেন আমরা উদ্বুদ্ধ করতে পারছি না আমদের প্রবাসী এ্যালুমনাই ভাই বোনদের। কারোর এ ব্যাপারে শলা-পরামর্শ থাকলে অবশ্যই এগিয়ে আসবেন। নিঃসংকোচে জানাবেন আপনার মতামত। এই ম্যাগাজিনের মাধ্যমে আমি চাই সবার দৃষ্টি আকর্ষণ করতে। আপনাদের সহযোগিতা আমাদের একান্ত কাম্য। যারা তাদের সময়, পরিশ্রম ও অর্থ দিয়ে এই সংগঠনের স্বাস্থ্যবৃদ্ধি করে যাচ্ছেন তাদের প্রতি রইল গভীর কৃতজ্ঞতা ও অঢেল শুভেচ্ছা।

আমার আন্তরিক সহানুভূতি ও দোয়া রইল সবার জন্যে যারা তাদের প্রিয়জনদের অসময়ে হারিয়েছেন। আমরা তাদের বিদেহী আত্মার মাগ্‌ফেরাত কামনা করছি। সর্বশক্তিমান আমাদের সবাইকে সত্য ও সুন্দর পথে চালিত করুন, এটাই আমার প্রার্থনা। আরেকটা কথা এই প্রথম সলিমুল্লাহ মেডিকেল কলেজ ৮ই ফেব্রুয়ারী 'এসএসএমসি ডে' পালন করতে যাচ্ছে। ঐ দিনই ১৯৭২ সালে প্রথম এসএসএমসি'র ক্লাস শুরু হয়েছিল। এ তথ্য দিলেন আমারই সহপাঠী বিল্লাল আলম, যে এখন সেই মেডিকেল কলেজে অধ্যক্ষ হিসেবে কর্মরত।

সবশেষে বলতে চাই এবার ফ্লোরিডার এ্যালুমনাইরা যে উৎসাহ উদ্দীপনা নিয়ে এ অনুষ্ঠানের আয়োজন করছে তা সত্যিই প্রশংসনীয়। অনেক অনেক ধন্যবাদ।

পারভেজ আলম







# FROM THE DESK OF THE PRESIDENT

Dear SSMC Alumni and friends,

Welcome to the 6th annual reunion at Orlando, Florida. I am really honored to greet each of you to this wonderful gathering which we arrange bi-annually on behalf of SSMC Alumni Abroad.

I am proud to be associated with this prestigious organization which has a very rich History and Heritage starting with Mitford Hospital in mid -1800s, then Dhaka Medical school in 1875, followed by Sir Salimullah Medical College in 1972. Our institute is the oldest medical institution which has provided Medical education and Medical health care to the then East Bengal and present Bangladesh. SSMC is ranked as one of the most prestigious Medical Colleges of South Asia.

SSMC Alumni Abroad was started in 2011 with great spirit and commitment with all of the persons involved in this endeavor. We have over 143 current members registered in our website WWW.SSMCALUMNIABROAD.ORG. We also maintain a Facebook account and a Google group account. Registration is free . Membership is free for all pre-residents.

The mission of this organization is to connect all Alumni to each other, to be available at the time of need, to help all newcomers [pre-residents] and to integrate to the US system for carrier advancement in their own choice of their fields.

We have arranged for scholarships for the pre-residents to help them with their exam expenses. Furthermore we also try to help the pre-residents to prepare for the resident interviews.

Individually and collectively we also try to guide the pre-residents in their effort to ultimately gain a residency here in the US.

We have maintained our ongoing tradition of providing ceremonial labcoats every year to the new students of SSMC (Medical and also Dental colleges). Along with this we also provide a scholarship fund for 6 deserving students of SSMC every year. We have also arranged various Medical CMEs at SSMC for sharing our experience, technology and medical knowledge with the teachers/students of SSMC.

Our local activities in USA also include helping out Hurricane/ Tornado/disaster victims by donating to various US organizations from our collective funds.

Finally every 2 years we have our election. The time for electing a new executive committee has come this year. I urge everybody to get involved and participate with new ideas, with your time, money ,and also to give back to this organization generously .Last of all please register and also update your profile ,and stay connected with us.We hope to increase the number of members as much as possible so this organization becomes more stronger and helpful to cater to the needs of the SSMC Alumni.This bi-annual gathering also gives us a chance to meet all our friends from SSMC and also create a strong bonding between the SSMC Alumni.I thank the executive committee for the their deep commitment they have shown to the organization and for all their hard work they have done in the last 2 years.

I hope all of you have a very good time with your families over here in Orlando, Florida.

Thanking you very much. Wishing you all the best.

AHAMED. KARIM .MD.( BONEY).
*SSMC-Batch–4.*
*Neurologist.*
*VAMC,WILKES-BARRE.PA.*





# SECRETARY'S ADDRESS

Dear fellow SSMC Alumni,

I'd like to give you all a warm welcome to our 6th annual SSMC Alumni Association Abroad reunion in Orlando, Florida. I am proud to have served as the secretary of this association for the past two years. The efforts of myself and the entire executive committee to better this organization have proven to be tremendously successful. Over the past two years, this association has made huge strides in a positive direction, providing support to both our alumni members, SSMC pre-residents in the US, and current SSMC students in Bangladesh.

Upon being selected as secretary, my initial goal for the current members was to introduce the option of life membership to the organization. Today, we have multiple life members.

In addition to the introduction of life membership, one of my main goals was to add a substantial branch to the organization to help SSMC graduates who are currently pre-residents in the US and Canada. Near the beginning of my term as secretary, I traveled to New York for the purpose of meeting and speaking to pre-residents in the NYU library; after speaking to a few

SSMC pre-resident alumni who were then pursuing a career in medicine in the US, it became clear to me that providing assistance to these pre-residents should be one of our biggest priorities. We have also created a scholarship for pre-residents residing in the US and Canada. I would like to personally thank all of the established members of our organization who have

tirelessly helped pre-residents advance in their efforts of becoming physicians in the US by providing recommendation letters, arranging volunteerships in personal offices and practices, and by providing assistance in getting into externships and other programs.

One of the missions of this organization is to provide assistance to current SSMC students in Bangladesh. We have continued the tradition of providing lab coats for the SSMC and dental students in Bangladesh for the past 5 years. We also continue to provide 4 merit-based scholarships and 2 need-based scholarships to current SSMC students in Bangladesh each year.

After attending the SSMC mini-reunion in Jamaica, NY in 2016, with the strong support of Florida physicians, I was able to bring the biennial convention to Florida in November 2017. I realized that bringing the convention outside New York and New Jersey would expand membership and increase member involvement in our organization. This convention has been made possible by the immense support of the SSMC Alumni, and for that I am truly grateful.

We are all immensely thankful for the generous donations from our alumni and sponsors that allow this organization to run as smoothly as it does. Above all, I'm thankful for the time I've been able to spend as a member of this organization. I hope each and every one of you feel as strongly for this organization as I do, and I urge you all to support and give back to the program that supports the medical college where we all began this important chapter of our lives.

Sincerely,
Anayet Thakur, M.D.
SSMC 12th Batch
Fort Myers, Florida





# Congratulations

## SSMC Alumni Reunion 2017



### Professor Dr. Md. Billal Alam

**FCPS, MD, FACP, FRCP**
**Principal, Sir Salimullah Medical College**
**Head of the department of Medicine**
**Mitford Hospital Dhaka**





# মিটফোর্ডের কয়েকটি স্মৃতি ও সৃজনশীলতার কাহিনী

ডাঃ সালেহ মাহমুদুর রহমান (১৩তম ব্যাচ)
*এসিট্যান্ট ডীন অব ডাইভারসিটি এন্ড ইনক্লুশন*
*প্রফেসর অব মেডিসিন*
*ইউ সি এফ কলেজ অব মেডিসিন*
*অরল্যান্ডো, ফ্লোরিডা, ইউ এস এ*

মেডিক্যাল কলেজে ভর্তির সময় প্রথম দিন মিটফোর্ড ক্যাম্পাসে আসার কথা মনে আছে। সঙ্গে কেউ ছিল না। মিটফোর্ড হাসপাতাল কোনটা তাও চিনতাম না। রিকসা যখন বাবু বাজারের মোড়ে তখন একজন স্থানীয় লোককে জিগ্যেস করেছিলাম মিটফোর্ড কোন দিকে আর পেয়েছিলাম সেই ক্লাসিক উত্তর, "সিধা ভি যাইবেন, বাঁয়ে মোচড় লইবেন"। তারপর সেই এক মোচড়েই পুরনো ঢাকার মিটফোর্ডে কাটিয়েছিলাম জীবনের প্রায় সাতটা বছর। সেখানেই কত রকমের তিক্ত মধুর অভিজ্ঞতা, আর পেয়েছিলাম প্রেম, তৃষ্ণাকে।

জুলাই ১৮, বিশ্বের এক অবিসংবাদী নেতা নেলসন ম্যান্ডেলার জন্মদিন। সারা পৃথিবী এখন এই দিনটিকে 'নেলসন ম্যান্ডেলা দিবস' হিসাবে পালন করে থাকে। এই দিনটির সঙ্গে বাংলাদেশের নাম খুব গৌরবের সঙ্গে জড়িয়ে আছে। ১৯৮৮ সাল, নেলসন ম্যান্ডেলা তখন কারাগারে নির্যাতিত জীবনযাপন করছেন। আর সারা পৃথিবীব্যাপী নেলসন ম্যান্ডেলার সত্তরতম জন্মবার্ষিকী পালনের উদ্যোগ চলছে। বাংলাদেশও তার ব্যতিক্রম নয়। সারাদেশ থেকে নেলসন ম্যান্ডেলার নিঃশর্ত মুক্তির দাবীতে এক লক্ষ স্বাক্ষর সংগ্রহের এক আন্দোলনের সঙ্গে আমিও জড়িয়ে গেলাম। এই উপলক্ষে ক্যাম্পাসে অনুষ্ঠানের আয়োজন করা হলো। আমার ইচ্ছা নেলসন ম্যান্ডেলাকে নিয়ে লেখা কোন গান শিল্পীদের দিয়ে গাওয়ানো। কিন্তু কোথাও কোন গান খুঁজে না পেয়ে নিজেই দুটো গান লিখে ফেললাম। তখন আমি সবে মাত্র বাংলাদেশ টেলিভিশনে গান লেখা শুরু করেছি। সেই সূত্র ধরে বেশ কয়েকজন কণ্ঠশিল্পীর সঙ্গে আমার পরিচয় হয়েছে। সামিনা চৌধুরী আমার প্রিয় শিল্পীদের একজন এবং ভালো বন্ধুও বটে। তিনি বিনা পারিশ্রমিকে গাইবার সম্মতি দিলেন। সামিনার গাওয়া 'নেলসন ম্যান্ডেলা, তুমি সবল দুটি হাতে লোহার গরাদ ধরে দাঁড়িয়ে আছো' সেই গানটির সুর করলেন নকিব খান। দ্বিতীয় গানটি গাইবার জন্য বললাম গণসংগীত শিল্পী ফকির আলমগীরকে। তিনিও এক কথায় রাজী হলেন। কিন্তু তার জন্য লেখা 'কালো কালো মানুষের দেশে' গানটির তখনও সুর দেয়া হয়নি, এদিকে সময়ও কম। আমি নিজেই গানটিতে সুর দিয়ে পৌছে দিলাম তার কাছে। সেদিন মিটফোর্ডের হল ভর্তি মানুষকে মুগ্ধ করলেন এই শিল্পীদ্বয়, নেলসন ম্যান্ডেলার মুক্তির দাবীতে সংগৃহীত হলো অসংখ্য স্বাক্ষর। সামিনা যদিও তার গানটি আর অন্য কোন মাধ্যমে গাননি, কিন্তু ফকির আলমগীর মিটফোর্ডের গন্ডি পেরিয়ে বাংলা একাডেমী বই মেলা, জনতার মঞ্চ ছাড়িয়ে সারা বিশ্বে বাংলা ভাষাভাষীদের মধ্যে পৌছে দিলেন গান টিকে। এমন কি গানটির একটি ক্যাসেট খোদ নেলসন ম্যান্ডেলাকেও পৌছে দেয়া হয়েছিল। এই গানের ক্যাসেট দ্বীর্ঘদিন বাংলাদেশে বিক্রিত গানের ক্যাসেটের লিস্টে একনম্বরে ছিল। এভাবেই মিটফোর্ডে জন্ম হয় নেলসন ম্যান্ডেলা গানটির।

এই মিটফোর্ডেই সূচনা হয় বাংলাদেশের মুক্তিযুদ্ধে নৌকম্যান্ডোদের ভূমিকার সত্য ঘটনা নিয়ে প্রথম ডকুউপন্যাস 'অপারেশন জ্যাকপট' এর। মেইন হোস্টেলের মুয়াজ্জিন আব্দুর রহিম ভাই ছিলেন একজন নৌকম্যান্ডো। এই বইটির কথা 'অপারেশন জ্যাকপট' নিয়ে উইকিপিডিয়ায় বড় বড় ভারতীয় এবং বাংলাদেশের জেনারেল এবং এডমিরালদের সঙ্গে রেফারেন্স হিসাবে ব্যবহৃত হয়েছে। এই বই ছাড়াও এই মিটফোর্ডেই লিখেছি এক ডজন বই, গোটা চল্লিশের মতো গান যা জনপ্রিয় শিল্পীদের গাওয়া।

সেই সময়ে প্রায় প্রতিদিন হোস্টেলে চলে আসতেন বিখ্যাত সব শিল্পীরা: যেমন, হ্যাপি আখান্দ আর আমার রুমে বসে গীটার বাজাতেন তিনি। আর আমি সুযোগ পেলেই চলে যাই লাকী ভাইয়ের বাসায় আজিমপুর কলোনি থেকে মিরপুরের কলোনী, পরে রাজারবাগ, সব শেষে আরমানীটোলায়।

আমাদের বাৎসরিক পিকনিক হবে। আয়োজন হলো সারাদিন জাহাজে করে বুড়িগঙ্গায় ভেসে বেড়ানো হবে। সকাল বেলা জাহাজ ছাড়া হলো মিটফোর্ড থেকে। ভাটির দিকে চলবে সারাদিন। দুপুরে জাহাজের মধ্যেই রান্না এবং খাওয়া দাওয়া। সে এক হুলস্থুল কাণ্ড, আনন্দ। সবাই দেখেছে আমি আমার এক বন্ধুকে সঙ্গে নিয়ে এসেছি যে চাপ দাড়িওয়ালা, চোখে সান গ্লাস। মাথায় পাগড়ির মতো কাপড় বাঁধা। আমার এই বন্ধু বেরসিক এবং অসামাজিক ধরনের, কারণ সে সারাক্ষণ একটি কেবিনে বসে বসে সিগারেট খাচ্ছে। আমি তাঁকে প্লেটে খাবার দিয়ে আসি। দুএকজন কৌতুহলি হয়ে জিগ্যেস করলে বলি- এক বন্ধু, ওর মন খারাপ তাই সঙ্গে নিয়ে এসেছি।







জাহাজ চলতে চলতে যখন পড়ন্ত বিকেল তখন জাহাজের ছাদের ওপরে গোল হয়ে শুরু হলো সাংস্কৃতিক অনুষ্ঠান। আমি উপস্থাপনা করছি। একজন একজন করে আমাদের ক্লাসের ছেলে মেয়েরা কেউ কেউ একা কেউ কেউ দলগত সংগীত পরিবেশন করলো। কেউ কবিতা আবৃত্তি করলো, কেউ বলে কৌতুক। আর আমার লেখা প্যারাডি গান তো আছেই যা মিটফোর্ডের যে কোন অনুষ্ঠানে হিট আইটেম হিসাবে থাকতো। কিন্তু আজকে প্যারোডি শেষ করে আমি একটু সিরিয়াস হয়ে গেলাম; বললাম,

- আচ্ছা, এই রক্তিম বিকেলের আলো পার হয়ে সন্ধ্যা আসি আসি করছে। এই সময় যদি লাকী আখান্দের গাওয়া - আবার এলো যে সন্ধ্যা গানটা গাই তাহলে কেমন হয়? কেউ কেউ চিৎকার করে,

- আরে রাখ তো আতলামি প্যাঁচাল, গানটা ধর। আমি বলি,

- না, গান তো ধরবোই, কিন্তু যদি গানটা আমাদের সঙ্গে লাকী আখান্দ ধরেন তাহলে কেমন হয়? আবারো কয়েকজনের চিৎকার-

- এই তোর চাপাবাজি বন্ধ কর। গানটা ধর। আমি গান ধরলাম,

"আবার এলো যে সন্ধ্যা শুধু দুজনে, চলো না ঘুরে আসি অজানাতে ..."

ঠিক তখন আমার সেই চাপ দাড়িওলা বন্ধু সকলের সামনে এগিয়ে এসে একে একে পাগড়ি, দাড়ি, সানগ্লাস খুলে ফেলে মাইক হাতে নিলেন এবং গান ধরলেন, আবার এলো যে সন্ধ্যা ... তিনি আর কেউ নন স্বয়ং লাকী আখান্দ। এতক্ষণ এভাবেই ছদ্মবেশে ছিলেন আমাদের মাঝে। বুঝতেই পারছেন আমার ক্লাসমেট ছাত্রছাত্রীদের কী অবস্থা হতে পারে! সকলের উন্মাতাল চিৎকার, আনন্দ, উল্লাস।

হ্যাঁ, লাকী ভাইকে এই প্রস্তাবটা যখন দিয়েছিলাম, যেখানে সবাই তাঁকে টাকা পয়সা দিয়ে নিয়ে অনুষ্ঠান করে, আর আমি কিছুই দেবো না শুধু সকলের জন্যে সারপ্রাইজ ছাড়া, তিনি বলেছিলেন "তুমি আমাদের মতোই পাগল, চলো মজা করি"।

এভাবেই লাকী আখান্দ শুধু আমার গানের জগতে নয় আমার মননে এঁকে দিয়েছেন এক ধরনের প্রশ্রয়, অহংকার, স্নেহ, ভালবাসা। এই যে তিনি হারমোনিয়াম নিয়ে আর আমি পাশে হাটুভেঙ্গে বসে, এমন কত যে রাত কেটেছে গান নিয়ে; এক সময় মধ্য রাতে নিজে উঠে গিয়ে ভাত চড়িয়ে, শিং মাছের ঝোল রেঁধে খাইয়েছেন। এতো শুধু গান করার জন্যে না; একজন মানুষ হিসাবে কোথায় যেন যোগসূত্র গেঁথে গিয়েছিল বয়সের ব্যবধান পার হয়ে। এই মানুষগুলোর স্মৃতি আর মিটফোর্ডকে ঘিরেই আর তাঁর মধ্য দিয়েই রচিত হয়েছে আমার অসংখ্য সৃজনশীল কাজ। তিক্ত হোক, মধুর হোক, মিটফোর্ড আমাদের জীবনের অবিচ্ছেদ্য অংশ, অস্তিত্বের মোহন বাঁশী যা কোনদিন হারাবার নয়।





# ভালোবাসা সন্ত্রাস এবং একফোটা সায়ানাইড!

সাকিবুজ্জামান সাহিল,
এস এস - ৩৫

২৯শে জুন, ১৯৭১

ঐ দূর ছায়াপথ থেকে ভেসে আসছে বিজয়ের আলো। নক্ষত্রের গায়ে লাগা আবিরমাখা সেই আভা কাছে আসতে থাকে রেজার। দ্রুত, অতি দ্রুত! ধীরে ধীরে সেটি প্রখর আলোকপিন্ডে পরিণত হয়। সবে মাত্র এগারো পার করা রেজার মন আন্দোলিত হয়ে উঠে আলোর বাহার দেখে। এ আলো বুঝি শরীফ মামা নিয়ে আসছে। সেদিন মামা বলেছিল, বাংলার দামাল সন্তানদের থেকে স্বাধীনতা কেউ কেড়ে নিতে পারবে না। মামা বুঝি তাদের সাথে নিয়েই এই আলো ছিনিয়ে আনছে নক্ষত্র থেকে। তীব্র আলোয় ঝলসে দেবে সব পাক সেনাদের! পুড়ে ছারখার করে দেবে সেই জঘণ্য নরপশুকে, যার বেয়নেটে এখনও লেগে আছে সুমনা বুবুর লাল টকটকে রক্ত, আর ক্ষণে ক্ষণে শাপ বাণে বিদ্ধ করছে সকল রাজাকারদের। কিন্তু হঠাৎ মিইয়ে গেল কেন সব আলো? চোখ জ্বালা করছে কেন? মুখে কেন নোনা স্বাদ? রেজা সর্বশক্তি দিয়ে চোখ খোলার চেষ্টা করল কিন্তু তীব্র আলোয় কিছুই দেখতে পেল না। শুধু অনুভব করল সে, গায়ে কোন জোর নেই আর শরীরময় উৎসহীন অসহনীয় ব্যাথা। নিঃস্ব স্নায়ু ভেজা রক্তের স্বাদ গ্রহণে ব্যস্ত। রেজা হাতে অনুভব করল প্যান্ট পুরোটা ভিজে গেছে। ঝাপসা চোখে হাতের তালুতে কালচে রক্ত বৈ কিছু দেখা গেল না।

২৯শে জুন, ১৯৯৬

রেজা অফিস থেকে বাসায় ফিরেই পেপার নিয়ে বসল। অফিসে পেপার পড়া তার সব থেকে অপছন্দের। আজ হঠাৎ পেপার খুলেই পচিশ বৎসর পূর্বের সেই দিনগুলোর কথা মনে পড়ে গেল। সোনালী দিনগুলোকে কিভাবে কালচে বেদনা গ্রাস করে নিয়েছিল সেসময়। শরীফ মামার মুক্তিফৌজে যোগদানের খবরটি কিভাবে যেন কাশেম মোল্লার কানে যায়, আর সেই রাতেই রাজাকারের দল ঘেরাও করে ফেলে তাদের বাড়ি। শরীফ মামাকে না পেয়ে সবার চোখের সামনে ধর্ষণ করে রেজার বড় বোন সুমনাকে। বেয়নেট দিয়ে খুবলিয়ে সুমনার বুক ছিন্নভিন্ন করে দেয়। সেদিন রাতে প্রচন্ড ঝড় হচ্ছিল। রেজাদের বাড়ির টিনের চালে পড়া বৃষ্টির ফোটাগুলো যেন হৃদয় ছিদ্র করে বের হচ্ছিল ওদের। রেজাকে বুকে জড়িয়ে ধরে রেখেছিল নানী। কিন্তু কাশেম মোল্লার নগ্নচক্ষুর লোলুপতা থেকে রেজাকে বাঁচাতে পারেনি নানী। রেজাকে যখন ধরে নিয়ে যাচ্ছিল ওরা তখন মা আর নানীর বুকফাটা আর্তনাদের হেতু রেজা টের পায়নি। বুকে অফুরন্ত সাহস নিয়ে শুধু ভেবেছিল, যাবার আগে শরীফ মামার বলে যাওয়া শেষ কথা, "হিরোস নেভার ক্রাই!"

বন্দী সেই দিনগুলো আর মনে করতে পারছে না রেজা। মাথার ওপর ১০০ ওয়াটের বাল্ব ঝুলিয়ে চোখে-মুখে গরম নোংরা তরল বর্জ্য ঢেলে দেওয়া কিংবা প্রচন্ড তৃষ্ণায় পাকিদের মূত্র বিসর্জন! টানা ৯ দিনের নিষ্ঠুর নির্মমতা থেকে রেজা পালিয়ে এসেছিল দগদগে ঘা আর রেক্টাল প্রলাপস্ নিয়ে। আর ভাবতে পারছে না রেজা! পেপার রেখে এবার সোফায় হেলান দিয়ে চোখ বুজল সে।

"বাবা! বাবা! রায়ান এঁকেছে, রায়ান এঁকেছে! দেখো না, দেখো না!", রেজার তন্দ্রা ভেঙ্গে দিল তার প্রাণপ্রিয় একমাত্র সন্তান রায়ান। পরিবারের সবাইকে হারিয়ে স্ত্রী রিয়া এবং আট বছর বয়সী রায়ানকে নিয়েই রেজার ছোট্ট সংসার। রায়ানের মায়াভরা তুলতুলে হাতে ধরা ড্রয়িংটি দেখে চমকে যায় রেজা। গ্রামের স্নিগ্ধ পটভূমিতে আঁকা ছবিটিতে নদীর পাশে দুটি ঘর আর পেঁজা মেঘে ভরা উদার আকাশ। ঘর দুটোর একটির নিচে রেজা ও রিয়ার নাম লিখা আর অন্যটিতে রায়ান আর ওর হোমটিউটর আব্দুল এর নাম। আর ওপরে লেখা, "শাসন করা তারই সাজে, সোহাগ করে যে!"

রেজা কিছুটা বিস্ময় নিয়ে রায়ানের নিষ্পাপ মুখের দিকে তাকাতেই ভেংচি কেটে দৌড় দেয় সে। রেজা তার সন্তানের চমৎকার এ গুণটি নিয়ে ভাবার পূর্বেই অন্য এক ভাবনা আচ্ছন্ন করে তোলে তাকে।

ড্রয়িংটি নিয়ে রিয়ার কাছে যেতেই রিয়া বলে ওঠে, "আমি বলেছিলাম না নতুন ছেলেটা খুব ভালো, দেখলে তো কত কম সময়ে আমাদের





সোনামণিকে আপন করে নিয়েছে যে আমাদের দুজনকেই রায়ান অন্য ঘরে দিয়ে দিল! আর দেখেছো ড্রয়িং এর ওপরে কত সুন্দর একটি কথা লিখেছে। আমি নিশ্চিত! আব্দুল থাকলে রায়ানমণি এমন আরও অনেক সুন্দর কথা শিখতে পারবে।"

"হুম! বুঝলাম", প্রত্যুত্তরে রেজা বলল।

"হুম কি আবার, অফিস থেকে এসে এখনও ড্রেস আপ করনি? যাও এখনি ড্রেস আপ করে ফ্রেস হয়ে এস, আমি নাস্তা রেডি করছি।"

রিয়াকে না চটানোর ভয়ে রেজা চুপিসারে বেডরুমে চলে গেল।

৮ই জুলাই, ১৯৯৬

অফিসের কাজে মন দিতে পারছিল না রেজা। শুধু রায়ানকে ভাবছিল সে। তিন বছর বয়সে যখন ওর অটিজম ধরা পড়ে তখন ওর সুখের ঘরে নেমে এসেছিল কালো শোকের রুদ্ধতা। নিস্তব্ধতার অন্তঃপুরে রেজা ছিল দিশেহারা। চোখের সকল আলো যেন মিইয়ে যাচ্ছিল বেদানার্ত সন্ধ্যায়। কিন্তু নিরাশায় আলোর পথ দেখিয়েছিলেন পেডিয়েট্রিশিয়ান ডা. ইউসুফ রহমান। অটিজম যে কোন মানসিক রোগ নয় এবং বিশ্বের তাবৎ মহারথীদের অনেকেই যে অটিষ্টিক ছিলেন, জানার পর রেজা স্বস্তিবোধ করেছিল। এরপর অটিজম নিয়ে বেশ পড়াশোনা করেছে সে। আইজ্যাক নিউটন থেকে শুরু করে বিশ্বখ্যাত সুরস্রষ্টা মোজার্ট, টমাস এডিসন, নিকোলা টেসলা, আলবার্ট আইনস্টাইন, স্ট্যানলি কুবেরিকসহ আরও অনেক বিশ্ববিখ্যাত থিংকট্যাংক অটিস্টিক ছিলেন।

অটিস্টিক শিশুরা মারাত্মক রকম মেধাবী ও গঠনমূলক হয় এবং তাদের বিশেষ শিক্ষাপদ্ধতিতে সমাজের শক্তিতে পরিণত করার উপায় সে শিখে নিয়েছে। রায়ান এত কম বয়সে যেকোন সালের যেকোন তারিখ বললে বার বলে দিতে পারে। কিছুটা গর্ব আর কিছুটা সুখ রেজার নিঃশ্বাসে বের হয়ে এসে অফিস রুমে একটি স্নিগ্ধ-কোমল পরিবেশ তৈরী করে। প্রশান্তি নিয়ে রেজা ফাইলওয়ার্ক করছিল, হঠাৎই ফোন বেজে উঠল।

"তুমি এখনই আসো। আমার রায়ানের প্রচন্ড জ্বর। রায়ানকে নিয়ে আমি ঢাকা মেডিকেলে আসছি। ডাক্তার বলেছে ভর্তি করাতে হবে। আমার খুব ভয় লাগছে! আমার রায়ানের কি হয়ে গেল!" রিয়ার কান্না বিজড়িত কণ্ঠ রেজার প্রশান্তি এক নিমিষে স্তব্ধ করে দিল। মুহূর্তেই অফিস থেকে বেরিয়ে হাসপাতালের দিকে রওনা হল রেজা। হাসপাতালে পৌঁছে রিয়াকে পেয়ে হণ্য হয়ে রায়ানকে খুঁজছিল রেজার চোখ। রিয়ার দিকে তাকিয়ে দেখল শুধু নিথরতা। রিয়া রেজার হাত ধরে টেনে ডাক্তারের রুমে নিয়ে গেল। রেজা ডাক্তারের কাছে রায়ানের বাবা পরিচয় দিতেই ডাক্তার আস্বস্ত করে বসতে বলল। রেজা বসতে পারল না, ওর দেহের প্রতিটি কোষ আর্তনাদ করছে রায়ানের কথা শোনার জন্য। ডাক্তার কথা বলা শুরু করল।

"আপনি প্লিজ শান্ত হোন। আপনার ছেলে এখন সুস্থ আছে, আশা করি ও কিছুদিনেই ভালো হয়ে যাবে। তবে.... একটি ব্যাপার যেটি নিয়ে আমি বেশ চিন্তিত, আপনি একটু ঠান্ডা মাথায় আমার কথাগুলো শুনবেন প্লিজ।"

"ওকে, আপনি বলতে পারেন।" চিন্তামগ্ন কণ্ঠে রেজা বলল।

"আপনার স্ত্রীর নিকট শুনেছি আপনার ছেলে অটিস্টিক। তাই এ ব্যাপারটা ওকে যতনা শারীরিক ততটা মানসিকভাবে আক্রান্ত করেছে। হি ইজ এ ভিক্টিম অব স্যাডিজম। হি ওয়াজ মোলাস্টেড বাই এ পেডোফিলিক।"

ডাক্তার কথাটুকু বলার পর একটা লম্বা দীর্ঘশ্বাস নিয়ে রেজার পিঠে হাত রাখল। কথাগুলো রেজার কর্ণকুহরে প্রবেশ করল কতটুকু বোঝা গেলনা কিন্তু ওর অস্ফুট কণ্ঠের আওয়াজে একটি নাম ভেসে এল, "আব্দুল!!"

রেজা দাঁড়িয়ে থাকার মতো জোর পাচ্ছে না পায়ে। ধপ করে বসে পড়ল ফ্লোরে। মস্তিষ্কের বিকারগ্রস্ত ভাবনাগুলো আজ ছুটে পালালো কোথায় বুঝতে পারল না। শুধু নির্মম অসহায়ত্ব গ্রাস করতে লাগলো, ফিরিয়ে নিয়ে গেল একাত্তরের সেই দুঃস্বপ্নে।

একাত্তর চলে গেছে। আমরা এখন একটি স্বাধীন জাতি। বুক উচিয়ে নিজেদের স্বাধীনতার কথা বিলিয়ে বেড়াই। কিন্তু আদৌ কি আমরা স্বাধীন? আজ আমাদের শহীদ মিনারে পড়ে থাকে বিড়ির টুকরো- বাদামের খোসা, বধ্যভূমির শূণ্যতাকে পরিপূর্ণ করে তোলে নেশাখোরদের আড্ডা। মা-বোনের সম্ভ্রমে আঘাত করে যায় হায়েনারা, নিষ্পাপ-পবিত্র শিশুদের গোপনে ধর্ষণ করে যায় পাষন্ড পশুপাল। দেশের সুনিশ্চিত আলোকময় ভবিষ্যৎকে যারা এভাবে ধর্ষণ করে চলেছে তারা কি বাংলাদেশী? কখনও না, তারাই সেই পাকিদের ফেলে যাওয়া নোংরা বীজ, তারাই নব্য রাজাকার!

না!! দাঁতে দাঁত চেপে দাঁড়িয়ে যায় রেজা। নতুন একটা যুদ্ধের সময় এসেছে। এ যুদ্ধে আবার দেশ মাতৃকাকে স্বাধীন করতে হবে। রুখে দিতে হবে সেসব হায়েনাদের। নইলে যে আমাদের নতুন প্রজন্ম আলো জ্বালাবার পূর্বেই অন্ধকারে হারিয়ে যাবে। এতো হতে দেয়া যায় না। রেজা ১১ বৎসর বয়সে যে মনোবল হারিয়েছিল এবার সেটা পুরোদমে ফিরে পেয়েছে। রিয়াকে পাশে ধরে সে জানালার দিকে তাকায়। ঐ যে আকাশ দেখা যায়, অন্ধকারকে ঠেলে আলো ঠিকরে পড়ছে অবিরত!





# Cultural Diversity & Care of Our Elderly

Obayedur R Khan, MD, FACP
*Board Certified Internist and Geriatrician*

As the world is getting closer and closer due to improved transportation, communication both verbal and nonverbal, more and more people are migrating to developed parts of the world for better life. We as Bangladeshis are no different and possibly not behind compared to other countries in our region. Since we are more family oriented, migration from Bangladesh or South Asia means a migration of a whole family and we rarely leave behind our elderly parents. Although our younger generations can adapt to the changes of a whole new society, it becomes very hard for our elderly to adjust. Suddenly they find themselves lonely with no friends around and no one to talk to or mingle with similar background. A few of the adjustments they have to go through are hard to achieve. There could be a whole range of adjustments to make starting from environment, food, dress, language, religion, communications and of course, health care. While some elderly persons go through these adjustments with ease others may not do so easily. As a result, some may find themselves socially isolated or withdrawn resulting in depression, anxiety, sleeplessness, memory loss and other whole range of issues. Although a search for literature on this issue in South Asians resulted in 0 articles, there have been some publications for Orientals. The purpose of this article is limited to briefly identify some of the issues that I think are important from a geriatrician's perspective.

As we grow older it is common to develop disorders such as High Blood Pressure, Diabetes, Coronary Heart Disease, Heart Failure, Heart Rhythm Irregularities, Stroke etc. Complications from these can lead to loss of functions and dependency for Activities of Daily Living such as ability to independently walk, dress, bath, feed or groom. This can lead to poor health, development of pressure sore or ulcer, urinary or stool incontinence, depression, falls and injury such as hip fracture. Our generations are slowly coming into this age of facing these problems and the burning question is how to address these issues and who will take care of our elderly. Are we ready for this? We are used to taking care of our elderly parents back in Bangladesh or South Asia but this becomes harder here for a working family where no one else is available for support. Medicare and Insurance agencies may provide some assistance and they are mostly short lived or not enough and they are not round the clock. Hiring private caregiver is an option but they are extremely expensive. Placement in a Skilled Nursing Facility (SNF) or Assisted Living Facility (ALF) are other possible options but again they are very expensive if privately paid. Even if a person goes to a Nursing Home or Assisted Living Facility then the question comes how an elderly person with a different background and religion will be able to adjust to the environment. Problems will arise regarding food- halal and ethnic food as they are not the norm, culture and environment. An elderly who already went through the process of adjustment once, now has to face this reality of life for the second time to the end.

This is not a fantasy but a reality soon to hit. Hope this does not make you feel sad!
Are we thinking about this?

*Dr. Obayedur Khan, MD, FACP who practices Internal Medicine and Geriatrics in Naples, Florida is an alumni of Sir Salimullah Medical College. Questions or comments can be addressed to NaplesCMD@gmail.com.*





# খাজুরা গল্প

ছোটবেলায় খুব খেজুর খেতাম। দেশী খেজুর। দেশী খেজুরের মাংশের চাইতে বীজটা বড়। কিন্তু তখন এত খেয়াল হোত না। যা পেতাম তাই লাভ। অত্ত বড় খেজুর ছড়াগুলো দেখে অভিভূত হয়ে যেতাম। খেজুর গাছের আগায় ঝুলন্ত রাশি রাশি শতসহস্র খেজুরের গোছাগুলো দেখে লোভে আনন্দে ভরে উঠত। কতই না রং বদলাত সেই খেজুর সময়ের সাথে সাথে। অনেকটা আমাদের জীবনের মত। সবুজ, হলুদ, কমলা, খয়েরী কত রূপেই না সে বিন্যস্ত হত ছড়ায় ছড়ায়। বাজারে গিয়ে দরাদরি করে কিনে আনতাম স্বপ্নের সেই খেজুর গুচ্ছ। গরমে রেখে পাকাতাম। অল্প অল্প করে খেতাম। কাঠবিড়ালীর মত লুকিয়েও রাখতাম কিছু খেজুর, পাছে কেউ চুরি করে।

আর একটা জিনিস ছিল আমার প্রিয়। খেজুরের রস। ঢাকা শহরের বিভিন্ন আনাচে কানাচে, ওলিতে গলিতে অনেক খেয়েছি সেই রস। এক পর্যায়ে প্রায় নেশাগ্রস্তের মত আসক্ত হয়ে উঠেছিলাম। ভোর সকালে আসত সেই লুঙ্গি পরা জীর্ণবস্ত্র-দেহ ঘাড়ের উপর বাঁশের দুই প্রান্তে ঝুলান দুটি মাটির কলসীতে রস ভরে। বেচারার দূর্বল সুরেলা গলায় "খাজুর রস, খাজুর রস" আর্তনাদ পাড়ার এক প্রান্ত থেকে আরেক প্রান্তে মিলিয়ে যেত। দৌড়ে যেতাম কানাকড়ি যা পেতাম হাতের কাছে। কাঁচের ছোট্ট গেলাসে ভরে দিত অমৃত সুধা। চঞ্চলচিত্তে অঢেল তৃষ্ণাবুকে ঢক্ ঢক্ করে নিমিষেই উধাও হয়ে যেত হরিদ্রাভ পানীয়। বেচারার মুখে একটা তৃপ্তির স্বস্তি ফুটে উঠত কাচা পয়সাগুলো গুনে। অলস দুপুরে রৌদ্র-ছায়ায় খেজুর গাছের দীর্ঘকায় ছড়ান পাতাগুলো খেলত লুকোচুরি হাওয়ার সঙ্গে। দূর্দান্ত ধারাল কাটাগুলো সতন্ত্রী প্রহরীর মতো পাহাড়া দিয়ে রাখত তার বুকে লুকানো অমৃত ভান্ডার। তবুও চুরি করতে আসতো দুষ্ট পাখির দল। বিভিন্ন আকৃতি ও বর্ণের ছোট বড় পাখিগুলো গানে গানে মুখর করে রাখত অলস বেলা। পান কোরে যেতো টোপকে পড়া খেজুর রস।

তারপর আসতো শীতকাল। পিঠার উৎসব চলত ঘরে ঘরে। খেজুর গুড়ের পিঠার মজাই আলাদা। যে মোড়ায় বসে পিঠে খেতাম সেটাও বুনা খেজুর পাতায়। এ যেন সোনায় সোহাগা। আমাদের এক চাটাই ছিল খেজুর পাতার। খেজুর ফল, রস, পিঠা এসব খাওয়ার পর সেই মাদুরে শোয়ার যে কি আনন্দ তা কেবল এক খেজুর পাগলই জানে।

শুনেছি খেজুরের আদিজন্ম আরব দেশে। তাইতো সেখানের খেজুর হয় নানা বর্ণের নানা স্বাদের। শত সহস্র  বছর ধরে প্রখর রৌদ্রতপ্ত শুষ্ক মরু সাগরে যেভাবে সে মানবকূলকে পুষ্টি জুগিয়ে যাচ্ছে তার তুলনা হয়না। তবে মরুর জাহাজ উটের সাথে তার একটা প্রচন্ড মিল। তপ্তদাহে দুজনই দিব্যি বেঁচে আছে মনের সুখে।

আমাদের দেশে বিয়ে বাড়ীতেও এই খেজুরের সমাদর খুব। মাওলানা সাহেবের বিয়ে পড়ানোর সাথে সাথেই খেজুরের তলব পড়ে যায়। আমার এ জীবনে কতজনাই না এলো গ্যালো। কিন্তু এই দূর্ভাগা খেজুর আমার পিছা ছাড়লো না। যুগ যুগ ধরে আমার ইফতারির থালায় সাজানো দেশ-বিদেশের নানা রকমের খেজুর উৎসুক নয়নে চেয়ে থাকে আমার তৃপ্তি লাভের আশায়। মনে হয় সেই আমার সবচেয়ে পুরানো বন্ধু। সে আমার হৃদয়ে শরীরে পুষ্টি জুগিয়ে চলছে দিনের পর দিন, বছরের পর বছর, যুগের পর যুগ। আমিও সিদ্ধহস্ত হয়ে উঠছি খেজুরের মজা নিতে। তাই এখন আমি শুকনো খেজুর খাই। অল্প অল্প করে কামড়ে কামড়ে তার সুপ্ত স্বাদ জাগিয়ে তুলি রসনার সমস্ত গ্রন্থিকোষে। ধন্য হয়ে ওঠে আমার ছোঁয়া পেয়ে। এটাই তার পরম পাওয়া। অবশেষে খেজুরের বিচিটাকেও আমি আক্রমন করি ধীরে ধীরে আমার ধারালো দাঁতে। হাতে সময় থাকলে কুড়ে কুড়ে খাই, তা না হলে মাঝে মধ্যে বিচিগুলোকে নিয়ে কড়ি খেলি। একা একা। সে খেলায় কেউ আমার সাথী হয় না। সবাই খুব ব্যস্ত। এতে একটা লাভ হয়েছে আমার। খেজুর আর আমার মধ্যকার সম্পর্ক একান্তই আমার। রহস্যে ভরা, পাতালের চেয়েও গভীর সেই স্বপ্নলোক। পৃথিবীর আকর্ষণটা যখন কমে আসে তখন প্রবল আকর্ষণে সে আমায় টেনে নিয়ে যায় এক সীমাহীন লোকে। সেখানে তার পূর্ণ নিয়ন্ত্রন। আমি যেন এক নিস্পাপ শিশু হয়ে যাই চোখের পলকে। খেলতে খেলতে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়ি তার কোলে। স্বপ্নের রাজ্যে উড়ে বেড়াই রামধনু আকাশে। রঙে রঙে মাতিয়ে তোলে আমার এই ছোট্ট চঞ্চল প্রাণ। রাতের গভীরে মেঘে ঢাকা চাঁদের আলোয় লুকোচুরি খেলি, কখনও বা তারার মিছিলে হারিয়ে যাই। কখনো ইচ্ছে হয় চাঁদের দেশে লুকান ঐ চরকা কাটা বুড়ির সাথে সখ্যতা করি।

কিন্তু সময় কোথায় এসব করার? ভোর না হতেই যে আমায় মর্ত্যলোকে ফিরে যেতে হবে। এভাবে অনন্তকাল ধরে চলবে আমার আসা যাওয়া ভিন্ন দুই লোকে। আর খেজুরই হলো ঐ দুই জগতে পারাপারের একমাত্র বাহন।


*পারভেজ আলম*






# রানু আপার কবিতা


- শাহীন রহমান


টুনটুনি


ওরে আমার টুনটুন
ময়না পাখীর ছা
তোমার লাগি পরান আমার
করেছে টাঁ... টাঁ....
পুতুল পুতুল নয়ন তোমার
তুলতুলে হাত পা
তুমি তো খুব মিষ্টি সোনা
ময়না পাখীর ছা
স্বপ্নে বিভোর জাগরণে
তর যেন সয় না
ওগো আমার টুনটুনটা
চোখ মেলে চাও না।।


আন্ডু মা

হচ্ছি আমি আন্ডু মা!!
হবে মজার ভোজ
আন্ডু পা তাই গোঁফ দাড়িতে
তা দিচ্ছে রোজ
নিত্য দিচ্ছে শিরোনাম
দুষ্টু বুড়িটা
জানে না যে ঘুমের তরে
বাজবে বারোটা
Sleepy turtle এখনই তাই
নিচ্ছে আরাম ন্যাপ
বাবা হওয়ার আনন্দে তাই
পড়েছে খুব চাপ!!


রহস্য

রহস্যময় একটি কোষ
কোন সে কারিগরে
দিবানিশি নিপুন হাতে
গড়ছে নিরন্তর
Coding & Uncoding
চলছে বিরামহীন
সব রহস্যের আদি তিনি
অনন্ত অসীম।।


মনি

ওগো আমার মনির
ছেলের মনি
কোন সে নামে
ডাকবো তোরে গুনী!
তুই যে আমার
দুই নয়নের মনি
সোনা রূপা জহরতে
তুলনা তোর হয় না
ওরে!! কোন সে নামে
ডাকবো তোরে
তাই করি ভাবনা।।

# The Race
### *Esha Khushnu*

(If you) Lie some would believe
(If you) Tell the truth not all would (believe)
It is hard to disprove a lie
(Even) Harder to prove the truth.

What a disgrace
It is the human race
They raced to the end
And that the End
Be it sooner than late.

I am done with this human race
And I disgust to pace,
I am too tired to race
With this Human race.

Human eats human like food
But if I am no good
Please leave me alone


# Diamond in the rough
### *Esha Khushnu*

It was a diamond
In the rough
In its nature
It was nice and safe.

A greedy merchant
Snatched from its niche
It did not fit
His temporal design
Although it had the shine,
He threw it in deep ocean.







# ভিন দেশি মেয়ে

তাসবির আলম

মেয়েটিকে বেশ রোগা মনে হলো
পরনে সাতপুরনো শাড়ি তার
মুখটা মলিন তবে চোখ দুটো ভীষণ উজ্জ্বল
মনে হলো কিছু একটা বলতে চাইছে
কিছু বলবে জিজ্ঞেস করতেই
কথা বলতে থাকলো একটার পর একটা
যেন বাঁধ ভাঙা জোয়ার
থামতে চাইলেও পারছিলো না থামাতে
যেন অনেক দিন কারো সাথে বলেনি কথা

বাড়ি ছিল নাফ নদীর ওই পারে
যেখানে সে ছিলো এইতো সেদিন
খুব শান্তিতে দিন কাটছিলো তার
কখনো ভাবেনি ক্ষুধা, দারিদ্র আর ভিন্নতার কথা
হেসে খেলে দিন যেতো কেটে তার
ছিল না বন্যা আর খরার তান্ডব
কারণ তখন সে ছিল একটা শান্তির রাজ্যে

কথাগুলো বলার পরই থমকে দাঁড়ালো মেয়েটা
দেখে মনে হলো খুব চিন্তাগ্রস্ত
কি একটা ভয় পেয়ে গেলো তাকে
জিজ্ঞেস করতেই বললো নিচুস্বরে
কেউ যেন শুনতে না পায়
তারপরই হঠাৎ পালিয়ে গেলো

ওরা তো পালাবেই
এদেশটা তো ওদের নয়







# ছড়ায় ফ্লো-রি-ডা

পারভেজ আলম

রিইউনিয়ান হচ্ছে ফ্লোরিডায়
আনন্দে মোর প্রাণ হারায়।
গল্প করার ফুরসতে
মিলব মোরা একসাথে।
নেই ভেদাভেদ ছোট বড়
ফুর্তি এবার জমিয়ে কর।
প্রেসিডেন্ট আর সেক্রেটারী
লেকচার দাও ভারী ভারী।
আম জনতা মেম্বাররা
চুটিয়ে খাও খানা পিনা।
ডিজনীল্যান্ড আর অরল্যান্ডো
আমোদে কর লন্ডভন্ড।

সাগর পারে মায়্যামী
গিয়ে কর ছ্যাবলামী।
আর এক শহর ট্যাম্পা
খাও কলা চম্পা।
পাম বীচ আর ডেটোনা বীচ
বালু করে কিচ্ কিচ্।
ফোর্ট মায়ারস্ থেকে নেপল্‌স
মারলে কটা স্টেপল্‌স?
গেইন্সভিল হয়ে ওকালা
খুলে দাও সব জানালা।
জ্যাকসনভিল আর ট্যালাহাসী
বাজিয়ে চলো সুরের বাঁশি।
চল যাই ইউ এন্ড মি
অরল্যান্ডোর কাছে কিসিমি।







# খনার বচন

- আকালে বাড়লে সকালে মরে।
- অল্প শোকে কাতর, অধিক শোকে পাথর।
- অনেক খাবে তো অল্প খাও।
- অজ্ঞানে করে পাপ, জ্ঞানে হলে মনস্তাপ।
- অতি বাড় বেড়ো নাকো, ঝড়ে ভেঙ্গে যাবে
  অতি ছোট হয়ো নাকো, ছাগলে মুড়ে খাবে।
- অতি মন্থনে বিষ ওঠে।
- ছেলের চেয়ে পিলে বড়।
- অল্প আগুনে শীত হরে, অধিক আগুনে পোড়াইয়া মারে।
- আলো হাওয়া বেঁধো না, রোগ ভোগকে সেধো না।
- পেটে খেলে পিঠে সয়।
- আগে তিতা পরে মিঠা।
- উদোর পিন্ডি বুদোর ঘাড়ে।
- উৎপাতের কড়ি চিৎপাতে যায়।
- নাপিত শেখে পরের মাথায়।
- কাছে থাকলে পোড়ে মন, দূরে গেলে ঠন্ঠন্।
- কাঙ্গালের কথা, ভালো হলেও তিতা।
- চেতনেতে অচেতন, প্রেমে টানে যার মন।
- জেগে যে ঘুমায়, তারে তোলা দায়।
- জিহ্বাকে দিও না লাই, জিহ্বা বলে আরো খাই।
- ঝোঁকের মাথায় কাজ করো, শেষ কালেতে পস্তে মরো।
- দেখে পথ চলো, বুঝে কথা বলো।
- দিনে বাতি যার ঘরে, তার ভিটেয় ঘুঘু চরে।
- দুই নায়ে পা দিলে, পড়বে শেষে অগাধ জলে।
- না বুঝে ছিলাম ভালো, আধা বুঝে কাল হলো।
- হা হুতাশে পরান ক্ষয়, ধীরে সুস্থে লভে জয়।



**Dr. Muhammad A. Nowab**
Professor of Anatomy Ivy Tech Community College Fort Wayne, IN (1st Batch)

and

**Professor Mujibul Hoque**
Professor of Medicine Founder & Principal
Uttara Women's Medical School
Ex-Professor of Medicine
Sir Salimullah Medical College


**FIRST BATCH**

**Dr. Md A. Nowab,**
**Dr. Rustom Ali Faraizee MP**
**and Dr. Iqbal Ex MP**






Habibur Rahman
Shaheen Rahman
(5th Batch)
& Family



Habibur Rahman
Shaheen Rahman
(5th Batch)
& Family

## Abu Md. Yakub
## M.D. MCFP
**(3rd Batch)**

**Family Physician and Geriatrician**
**Peel Medical Clinic, Brampton, ON, Canada**





**Md. Q. Islam**
**Fedrousi Begum**
**(5th Batch)**
**& Family**



Ahmed Karim (4th Batch) & Family



Esha Khoshnu and Friends (6th Batch)




Dr. Anayet Thakur (12th Batch) and Family



Minu, Mitul, Parvez & Zia (8th Batch)



Obayedur Khan
(11th Batch)
& Family



Md. Jahangir Alam
(9th Batch)
and Family



**Tasbir Alam**
**and**
**Family**
**(12th batch)**



**Barnali Hasan (14th Batch)**
**& Family**







Saleh Parvez,
Sherin Parvez
(20th Batch)
& Family



**Md. M. Hosain (Shamim)**

(27th Batch)
Faculty of Kansas City Medical University
Internal Medicine
Attending Physician of Gulf Coast Medical Center
Fort Meyers, FL



Sezan Mahmud (13th Batch) & Family

# Acknowledgment

## WE APPRECIATE YOUR HELP. – THANK YOU

• James Paradise • Daniel Shannon (Meridian Financial)
• Zahirul Haque, M.D. (Dulal Bhai) • Tanzeen Ahmed, M.D.
• Ismet Saifullah (Nahid), M.D.

*& all others who had worked so hard to make this reunion happen.*

## SSMC ALUMNI REUNION 2017



# Congratulations SSMC Graduates on the occasion of 6th Reunion

Obayedur R Khan, MD, FACP

Concierge Medical of Naples

Caring Compassionate Personalized Medicine





*Congratulations*

**SSMC ALUMNI**
**2017 Reunion**





**EFFICIENT MEDICAL & DENTAL CARE**

জ্যামাইকা এবং সানিসাইডে বাংলাদেশী
ডেন্টিষ্ট ও মহিলা ডাক্তার





Barnali Hasan M.D.
INTERNAL MEDICINE
বর্ণালী হাসান এম.ডি.
ইন্টারনাল মেডিসিন

দাঁতের যাতনা -নেই কোন ভাবনা



Mahfujul Hasan D.D.S.
মাহফুজুল হাসান ডি.ডি.এস.
IMPLANTS & INVISALIGN

**40-14 Greenpoint Ave.**
**Sunnyside**
**PHONE: 718-392-2858**

আমাদের দুটি শাখা
We accept all Insurance & Medicaid

**170-09 Hillside Ave.**
**Jamaica**
**PHONE: 718-291-2710**






Congratulations

**ALL SSMC ALUMNI REUNION 2017**



**M. Q. ISLAM MD**

**BOARD CERTIFIED NEUROLOGIST**

- HEADACHES
- NECK PAIN
- BACK PAIN
- RADICULAR PAIN
- EPILEPSY
- SEIZURE DISORDER
- NEUROPATHY
- MOVEMENT DISORDERS
- STROKE
- TIA
- PARKINSONS DISEASE
- MULTIPLE SCLEROSIS
- TRIGEMINAL
- NEURALGIAS AND
- CEPHALALGIAS

**MAIN OFFICE** 40-27, 74TH STREET, FIRST FLOOR, ELMHURST, NY 11373
TEL : (718) 424 1300, (718) 424 1301, (347) 659 1978 • FAX : (718) 424 1311

**JAMAICA OFFICE** 168-32 HIGHLAND AVENUE, JAMAICA NY 11432.
TEL : (718) 657 8525 • FAX : ( 718) 657 8526.





# CONGRATULATIONS

## SSMC ALUMNI REUNION 2017

**IF YOU LIKE TO KNOW HOW YOU CAN LOSE WEIGHT SAFELY, PLEASE JOIN DR MAHTAB ON NOVEMBER 25 DURING SSMC REUNION!**

## DR. MAHTAB AHMED

*Board Certified in Family Medicine and Obesity Medicine*

*"It is FREE and you have nothing to lose except your body fat"*

**WEIGHT LOSS DIY:**
**THE ART AN SCIENCE OF**
**"FAT BURNING"**



# REST MEDICAL CARE, P.C.

**Sultan Ahmed, MD**
**Board Certified Internal Medicine**

**Rounak Ahmed, MD**
**Board Certified Family Medicine**

**37-28 77th St.**
**Jackson Heights. NY 11372**
**718.335.7378 (Tel)**
**718.803.6279 (Tel)**
**718.335.1071 (Fax)**

**944 E 233rd St.**
**Bronx, NY 10466**
**718.798.8233 (Tel)**
**718.798.1015 (Fax)**

**restmedical@gmail.com**

**www.restmedicalcare.org**





এলমহার্স্ট/জ্যাকসন হাইটস এলাকায়

পার্কিং সহজে পাওয়া যায়

# বাংলাদেশী নিউরোলজিস্ট



## SYED JALAL, MD.

মাথা ব্যথা, ঘাড় ব্যথা, কোমর ব্যথা, মস্তিস্কে রক্তজনিত ষ্ট্রোক, মৃগী (Seizure) রোগ, শরীর হাত-পা কাঁপা, মাংস এবং নার্ভের রোগ
সামগ্রিক ব্যথার জন্য ইঞ্জেকশন (মাংস, নার্ভ এবং জয়েন্টে)
Botox ইঞ্জেকশন (মাথা ব্যথা, স্ট্রোক, প্যারালাইসিস, অতিরিক্ত ঘাম, চোখ ঘন ঘন ফেলা বা খিঁচুনী)

ইন্টারন্যাশনাল মেডিসিন ও কিডনী বিশেষজ্ঞ

## DILRUBA NABI, MD.

**Board Certified in Internal Medicine & Nephrology**

উচ্চ রক্তচাপ এবং সংশ্লিষ্ট রোগ, ডায়াবেটিস, উচ্চ কোলেস্টারোল
Asthma, বুকে ব্যথা, পেটের অসুখ এবং কিডনী সংক্রান্ত যাবতীয় অসুখসহ আপনাদের সেবায় নিয়োজিত

**ফোন : ৭১৮-৪২৪-৩১৩১**

সকল Major Medical, Lien, No-Fault, Workers' Compensation এবং যাবতীয় দুর্ঘটনা জনিত ইন্স্যুরেন্স গ্রহণ করা হয়।

BMC

# Broadway Medical Care



## SYED M. JALAL MD.

**Neurology ❖ Neurophysiology**
**Neuromuscular Diseases & Pain Management**

Neurology & Pain Treatment with Injection Including
Botox Headache - Stroke - Selzure - Back - Neck/other Pain
Shaking - Tremor Muscle & Nerve Disease

**TESTING**
NCV - EMG
EEG
AMBULATORY EEG
BAEP
VNG
ULTRASOUND
SSEP

**Tel: 718-424-3131, Fax: 718-606-8783**

**41-14 Judge Street (1st Floor), Elmhurst, NY 11373**






# Congratulations

## SSMC ALUMNI



Md. Nasirul Huq (13th Batch) & Family

## Md. NASIRUL HUQ. M.D., P.A.

Board Certified Internal Medicine / Geriatrics Medicine /
American Board of Ethical Physicians
Member of American Society of Bariatric Physicians, PAA Certified

**Main Office:**
**3233 SW 33rd Road, Ste 302**
**Ocala FL 34474**

**(352) 237-0130**
**Accepting New Patients**

**SE Office**
**1 Banyan Pass**
**Ocala FL 34480**





# DEAR SSMC ALUMNI MEMBERS & FAMILIES

# WELCOME TO ORLANDO

# REUNION 2017


13th Batch

## SHEIKH K. JASIMUDDIN, M.D.

**EMERGENCY MEDICINE**
**VICE PRESIDENT & MEDICAL DIRECTOR**
**ADVANTAGE CARE INTEGRATED**
**MEDICAL SERVICES (AIMS)**

# Silver Lining Psychiatry

## Orlando Florida

## "Empowering Your Mind"

## Orlando's Premier Psychiatric Practice

**We at Silver Lining Psychiatry believe " Every cloud has a Silver Lining." We work towards capturing a person's self esteem, self expression and capacity to channel his or her energy to achieve personal goals in a balanced way. SLP provides exceptional behavioral healthcare for adults, adolescents, and geriatric population in the Orlando Metro area.**



Dr. Saleh Parvez MD

**Visit www.PsychiatristOrlandoFlorida.com,**
**or call 407.395.9320,**
**to schedule an appointment today**

® Empowering Your Mind
Silver Lining Psychiatry

UNIVERSITY OF CENTRAL FLORIDA
College *of* Medicine

www.PsychiatristOrlandoFlorida.com
3554 West Orange Country Club Dr
Winter Garden, FL 34787



Dr. Sherin Parvez MD

Congratulations

SSMC ALUMNI REUNION 2017

OSD DISPLAYS
A DIVISION OF New Vision Display

Best Wishes from

Khaled & Rita Khuda




JT
USE THIS ONE
Private Duty Home Care

Exceeding Your Expectations!

RNs | LPNs | Home Health Aides | Live-Ins

*Customized Professional care in the home, hospital or facility.*
*24 hours a day, 7 days a week.*

*(239) 896-6582*

*www.jtprivateduty.com*

*We have the largest English-speaking staff in*
*Collier and Lee counties. E.O.E. Equal Opportunity Employer*





বিসমিল্লাহির রাহমানির রাহিম

# SIDRA MEDICAL SUPPLY INC.

**QUALITY PRODUCTS AT THE BEST PRICES!**

1554 Hempstead TPKE, Elmont, NY 11003 • Tel: 516-270-2569 • Fax: 516-706-6026

We provide better pricing than any other medical supplies and equipment companies.

## We provide all kinds of Medical and Surgical supplies.

## Now, We are on Amazon, ebay

*** Our Products ***

Exam room supplies • Office Furniture's • Specialist items
Exam Gloves • Table Paper • Syringe and needles • Gauze
Band-Aid • Alcohol Prep Electrode • Tongue Depressors
Gowns • Exam Table • GI Forceps and more…











Our commitment is to beat any price. Please contact us for pricing.

**MUHAMMAD MOMEN, PRESIDENT AND CEO**

Email: customerservice@sidramedicalsupply.com

Web: www.sidramedicalsupply.com



1st Reunion 2011
At Residence of Habibur Rahman


PRIME PRiNTING
& BINDING
FULL SERVICE PRINTING CENTER

34-03 30TH AVENUE, ASTORIA, NY 11103
TEL : 718-728-2292 • PRIMEPRINTING34@GMAIL.COM